**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**05 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==============================================================

(১) সমগ্র দেশে আজ শিক্ষক দিবস উদযাপন/ আসামের দীপেন খনিকর সহ দেশের ৮২ জন শিক্ষককে জাতীয় কৃতি শিক্ষকের পুরস্কার/

(২) দেশের ভবিষ্যত গড়ে দেওয়ার ক্ষেত্রে শিক্ষকদের ভূমিকা অনবদ্য বলে ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়ে আয়োজিত শিক্ষক দিবসের কার্যসূচীতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য/ বরাক উপত্যকায়ও আজ যথাযোগ্য মর্যাদায় শিক্ষক দিবস পালিত/

(৩) প্রতারণা, প্রবঞ্চনার বলি না হতে রিজার্ভ ব্যাংকের অনুমোদিত প্রতিষ্ঠান সমূহতেই অর্থ জমা রাখতে মুখ্যমন্ত্রীর রাজ্যবাসীর প্রতি আহ্বান /

এবং

(৪) রাজ্যের অর্থবিভাগের অভিনন্দন শিক্ষা ঋণ ভর্তুকি প্রকল্পের দ্বিতীয় পর্যায় আরম্ভ করার ঘোষণা /

---

শিক্ষাবিদ তথা প্রাক্তন রাষ্ট্রপতি ড.সর্বপল্লী রাধাকৃষ্ণণের জন্মবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে সমগ্র দেশে আজ শিক্ষক দিবস পালন করা হয় । দেশে ১৯৬২ সালের ৫ সেপ্টেম্বর

প্রথম শিক্ষক দিবস পালন করা হয়েছিলো এবং ১৯৭২ সাল থেকে সরকারীভাবে এই দিবস পালন করা হচ্ছে ।

শিক্ষক দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি  দ্রৌপদী মূর্মূর উপস্থিতিতে আজ নতুন দিল্লীর বিজ্ঞান ভবনে দেশের বিভিন্ন প্রান্তের ৮২ জন শিক্ষক-শিক্ষিকাকে এ বছরের জাতীয় কৃতী শিক্ষক পুরস্কার প্রদান করা হয় । এই অনুষ্ঠানে টেঙ্গাখাতের সিসিয়া বকুলনী  গার্লস উচ্চ ইংরেজী বিদ্যালয়ের শিক্ষক দীপেন খনিকর রাষ্ট্রপতির হাত থেকে কৃতী শিক্ষকের পুরস্কার গ্রহণ করেন । শিক্ষক ও পিতা মাতাদের সন্তানকে মহিলাদের মর্যাদা রক্ষা করে আচরন করার শিক্ষা দিতে হবে বলে রাষ্ট্রপতি মন্তব্য করেন । সেইসঙ্গে শিক্ষাকে সর্বাঙ্গ সুন্দর করে তোলার জন্য শিক্ষকদের তিনি ধন্যবাদ জানান । নতুন শিক্ষা নীতি দক্ষতা বিকাশের ওপর গুরুত্ব আরোপ করে শিশুর বিকাশে ভূমিকা গ্রহণ করবে বলেও তিনি উল্লেখ করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শিক্ষক দিবস উপলক্ষ্যে দেশের শিক্ষকদের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে একটি পোস্টে শ্রী মোদী বলেন যে এই দিনটি হচ্ছে দেশের যুব সমাজকে গড়ে তোলার ক্ষেত্রে শিক্ষকদের অবদানকে কৃতজ্ঞতা জ্ঞাপনের একটি উপলক্ষ্য । তিনি দেশের প্রাক্তন রাষ্ট্রপতি প্রয়াত সর্বপল্লী রাধাকৃষ্ণণকে তাঁর জয়ন্তীতে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন ।

দেশের বিভিন্ন অংশের সঙ্গে আসামেও আজ শিক্ষক দিবস পালন করা হয়েছে ।

রাজ্যের উচ্চ শিক্ষা এবং বিদ্যালয় শিক্ষা বিভাগের উদ্যোগে

ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়ের রংঘর প্রেক্ষাগৃহে আজ মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এবং শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগুর উপস্থিতিতে ৬৩তম শিক্ষক দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান উদযাপন করা হয় । অনুষ্ঠানে দেশের ভবিষ্যত  গড়ে তোলার ক্ষেত্রে শিক্ষকদের ভূমিকা অনবদ্য বলে মূখ্যমন্ত্রী মন্তব্য করেন । এই অনুষ্ঠানে চলতি বর্ষের কৃতী শিক্ষক পুরস্কার লাভ করা ১৩ জন শিক্ষক শিক্ষিকাকে  রাজ্য পুরস্কার প্রদান করা হয়েছে । এরমধ্যে প্রাথমিক শাখায় কাছাড় জেলার অতনু চৌধুরীকেও কৃতী শিক্ষক পুরস্কার প্রদান করা হয়েছে ।

এদিকে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ শিক্ষক দিবস পালন করা হয়েছে । কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আজ শিলচর গান্ধীভবনে আয়োজিত শিক্ষক দিবসের বিশেষ অনুষ্ঠানে ২৫ জন শিক্ষককে সম্বর্ধনা জানানো হয় । এরমধ্যে এল পি স্তরে ৭ জন , এম ভি স্তরে দুজন ,এম ই স্তরে তিন জন , হাইস্কুল স্তরে ৮ জন এবং হাইয়ার সেকেন্ডারী স্তরে ৫ জন শিক্ষক রয়েছেন । অনুষ্ঠানে মূখ্য অতিথি হিসেবে উপস্থিত

ছিলেন আসাম বিশ্ববিদ্যালয়ের কলেজ উন্নয়ন পরিষদের প্রাক্তন সঞ্চালক ড.বিভাস দেব । এছাড়াও উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিক বহ্নিকা চেতিয়া , শিক্ষা বিভাগের অতিরিক্ত জেলা আয়ুক্ত অন্তরা সেন ,বিদ্যালয় পরিদর্শক গণেশ হরিজন প্রমূখ ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায়ও আজ যথাযোগ্য মর্য্যাদায় শিক্ষক দিবস পালন করা হয়েছে । করিমগঞ্জ জেলা শিক্ষক দিবস উদযাপন সমিতির উদ্যোগে আজ জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে শিক্ষক দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানের আয়োজন করা হয় । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত সভায় রাজ্যসভার সাংসদ মিশন রঞ্জন দাস , উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ , প্রেস ক্লাবের প্রাক্তন সভাপতি সতু রায় এবং করিমগঞ্জ বিদ্যালয় সমূহের পরিদর্শক নীলমজ্যোতি দাস প্রমূখ অংশগ্রহন করেন । জেলায় আজ ২৮ জন কৃতি শিক্ষক-শিক্ষিকার হাতে ফুলের তোড়া , শংসা পত্র তুলে দিয়ে সংবর্ধনা জানানো হয় ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আজ যথাযোগ্য মর্য্যাদায় ৬৩তম শিক্ষক দিবস পালন করা হয়েছে । হাইলাকান্দির পাব্লিক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে আয়োজিত জেলার শিক্ষক দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে জেলার ৪১ জন আর্দশ শিক্ষককে জেলা প্রশাসনের পক্ষ থেকে সংবর্ধনা জানানো হয়েছে । এরমধ্যে ৭ জন অবসরপ্রাপ্ত শিক্ষক রয়েছেন । জেলার অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিব রায় প্রদীপ প্রজ্বোলন করে অনুষ্ঠানের সূচনা করেন । শিক্ষক দিবসের অনুষ্ঠানে আজ জেলা আয়ুক্ত এন এইচ গৌতম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

অসম কলেজ শিক্ষক সংস্থার সিদ্ধান্ত অনুযায়ী সংস্থার সদস্য শিলচর রাধামাধব কলেজ ইউনিট আজ শিক্ষক দিবস বর্জন করেছে । এরই অঙ্গ হিসেবে আজ রাধামাধব কলেজ ইউনিটের পক্ষ থেকে এর পরিপ্রেক্ষিতে এক সভা অনুষ্ঠিত হয়েছে। কলেজ প্রাঙ্গনে আয়োজিত এই সভায় বক্তব্য রাখতে গিয়ে আসাম কলেজ শিক্ষক সংস্থার কাছাড় জোনের ভারপ্রাপ্ত সভাপতি ডক্টর অরুন্ধতী দত্ত চৌধুরী অভিযোগ করে বলেন যে অসঙ্গতিপূর্ন পদোন্নতি বন্ধ করা এবং বেতন নির্ধারন সংশোধন সহ অন্যান্য দাবীতে তারা এই কার্যসূচী পালন করেন ।

---------------------------------------------------------------------------------------

ভারতে বিগত দশ বছরে সৌরশক্তি উৎপাদনের পরিমাণ ৩২ শতাংশ বৃদ্ধি পেয়েছে । এবং এই গতি ও সাফল্যের মাধ্যমে দেশ আগামী ২০৩০ সালের মধ্যে ৫০০ গিগাওয়াট শক্তি আহরণ করতে সমর্থ হবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে দুদিনের কার্যসূচী নিয়ে অনুষ্ঠিত প্রথম আর্ন্তজাতিক সৌর উৎসবে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে অংশ নিয়ে একথা বলেন । শ্রী মোদী বলেন যে- ভারত বিগত বেশকয়েক বছরে সবুজশক্তি আহরণের ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে । এবং জি-টুয়েন্টি রাষ্ট্রের মধ্যে পুর্ননবীকরণযোগ্য শক্তি আহরণের প্যারিস প্রতিশ্রুতির সাফল্য অর্জন করা প্রথম দেশ হিসেবে পরিগণিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম মন্ত্রীসভা রাজ্যের স্থানীয় জনগোষ্ঠীগুলির ভাষা ও সংস্কৃতি রক্ষার জন্যে আসাম চুক্তির ছয় নম্বর ধারা কার্যকর করা সম্পর্কে বিচারপতি বিপ্লব শর্মা কমিশনের দেওয়া পরামর্শবলীর ৮০ শতাংশ রূপায়ণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সংবাদ মাধ্যমকে জানিয়েছেন যে- বিপ্লব শর্মা কমিশনের দেওয়া ৬৭টি পরামর্শের মধ্যে ৫৭টি পরামর্শ আগামী বছরের ১৫ এপ্রিলের মধ্যে রূপায়ণ করা হবে । এদিকে রাজ্য ক্যাবিনেটের অপর এক সিদ্ধান্ত অনুসারে কর্তব্যরত অবস্থায় মৃত্যু হওয়া বা সম্পূর্ণরূপে প্রতিবন্ধী হয়ে যাওয়া রাজ্যসরকারের কর্মচারীদের জন্য ৮০ লক্ষ টাকার বীমার ব্যবস্থা করা হয়েছে । ক্যাবিনেট একইসঙ্গে কুড়ি লক্ষ নতুন রেশন কার্ড প্রদানের বিষয়েও অনুমোদন জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

প্রতারণা, প্রবঞ্চনার বলি না হতে রিজার্ভ ব্যাংকের দ্বারা অনুমোদিত প্রতিষ্ঠান সমূহেই অর্থ জমা রাখতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা রাজ্যবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন । অনলাইন ট্রেডিং প্রবঞ্চনা সম্পর্কে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে তিনি জনসাধারণকে এই সম্পর্কে সজাগ হবার আহ্বান জানান । তিনি বলেন যে- আর বি আই অনুমোদন ছাড়া কোন লেনদেন করা যায়না । রিজার্ভ ব্যাংকের নিয়ম লংঘনকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও তিনি প্রকাশ করেন । প্রয়োজন হলে এই সম্পর্কে বিশেষ টাস্ক ফোর্স গঠন করা হবে বলেও তিনি জানান ।

---------------------------------------------------------------------------------------

ট্রেডিংয়ের নামে প্রবঞ্চনা করার অভিযোগে গ্রেপ্তার হওয়া অভিযুক্ত স্বপ্ননীল দাসকে মহানগর পুলিশ জেরা অব্যাহত রেখেছে । গ্রেপ্তারের পর মহানগর পুলিশ অভিযুক্তকে ট্রেডিং সম্পর্কে জিজ্ঞাসাবাদ করে অনেক তথ্য লাভ করেছে । এদিকে ট্রেডিংয়ের নামে প্রবঞ্চনার অভিযোগে ডিব্রুগড়ে বিশাল ফুকন নামের আরেকজন যুবককে গ্রেপ্তার

করার পর সুমী বরা এবং তার্কিক বরার নামও জড়িয়ে পড়েছে । অভিযুক্ত দুজনের সন্ধানে পুলিশ বিভিন্ন স্থানে অভিযান অব্যাহত রেখেছে ।

-----------------------------------------------------------------------------------------

আসাম সরকারের অর্থবিভাগ অভিনন্দন শিক্ষা ঋণ ভর্তুকি প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কথা ঘোষণা করেছে । শিক্ষা ঋণের ক্ষেত্রে ৫০ হাজার টাকা পর্যন্ত ভর্তুকি প্রদান করে শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের আর্থিক বোঝা লাঘব করার উদ্দেশ্যে গ্রহণ করা এই প্রকল্পের পোর্টাল আজ থেকে আগামী বিশে অক্টোবর পর্যন্ত ৪৫ দিনের জন্য খোলা থাকবে । উল্লেখ্য- আসাম সহ অন্যান্য স্থানে শিক্ষা উচ্চশিক্ষা গ্রহণরত শিক্ষার্থীরা সহ বর্তমান সাংসদ, বিধায়ক, পঞ্চায়েত কর্মচারী এবং সরকারী বা সরকার অধিকৃত ক্ষেত্রের স্থায়ী কর্মচারীদের সন্তানেরাও এই প্রকল্পের সুযোগ গ্রহণ করতে পারবে । এই প্রকল্পের সুবিধা গ্রহণ করা শিক্ষার্থীদের আসামের স্থায়ী বাসিন্দা হতে হবে । এছাড়া প্রত্যেক শিক্ষার্থী মাত্র একবারের জন্যেই এই সুবিধা লাভ করতে পারবে । উল্লেখ্য- যোগ্য বিবেচিত হওয়া শিক্ষার্থীরা আবাসিক প্রমাণ পত্র, পরিচয় পত্র, ঠিকানার প্রমাণ পত্র, ব্যাংক ঋণের নথিপত্র সহ অভিভাবকদের পরিচয়ের প্রমাণ পত্র দিয়ে dids.assam.gov.in এর মাধ্যমে অথবা ১৮০০-২০২৬-২৫৬ এই নম্বরে যোগাযোগ করে অভিনন্দন প্রকল্পে আবেদন করতে পারবে ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যের তথ্য ও জনসংযোগ বিভাগের হাইলাকান্দি কার্যালয়ের বড়বাবু প্রদীপ রায় আজ গুয়াহাটীর একটি বেসরকারী নার্সিং হোম থেকে শিলচর নিয়ে আসার পথে শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৪৯ । উল্লেখ্য প্রদীপ রায় দীর্ঘ দিন থেকে মধুমেহ এবং লিভারজনিত রোগে আক্রান্ত ছিলেন । তাঁর মৃত্যুতে তথ্য ও জনসংযোগ বিভাগের শিলচর ও হাইলাকান্দি কার্যালয়ের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

প্রগতিশীল নাগরিক মঞ্চ শিলচরের এক প্রতিনিধি দল আজ সোনাই রোডের এন এইচ আই ডি সি এল কার্যালয়ে উপস্থিত হয়ে সম্প্রতি শহরের সড়কগুলিতে যে সংস্কারের কাজ শুরু হয়েছে তা নিম্নমানের বলে অভিযোগ করেছেন । এধরণের সংস্কারের কাজ হলে পুনরায় শহরবাসীকে দুর্ভোগের সম্মুখীন হতে হবে বলে উদ্বেগ প্রকাশ করে মঞ্চ রাস্তার কাজ উন্নতমানের না হলে পরবর্তীতে আন্দোলন কার্যসূচী গ্রহণ করবে বলে জানিয়েছে ।

---

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আরসেটি কাছাড়ের উদ্যোগে এবং আনিসা ফাউন্ডেশন ও রুরেল ডেভোলাপমেন্ট এন্ড সোসাল সার্ভিস অর্গেনাইজেশনের সহযোগীতায় পাঁচ দিনের ধূপকাঠী তৈরীর প্রশিক্ষন কর্মশালা আজ থেকে নরসিংপুরে শুরু হয়েছে । কর্মশালায় নরসিংপুর উন্নয়ন খন্ডের অধীন সপ্তগ্রাম , বনগ্রাম এবং ভাগাবাজার এলাকার আত্ম-সহায়ক দলের মহিলারা অংশগ্রহন করেন । আগামী ১০ সেপ্টেম্বর পর্য্যন্ত এই কর্মশালা চলবে ।

---

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর প্রিমিয়ারের সহযোগীতায় আগামী সোমবার তাপাং গ্রাম পঞ্চায়েতের অর্ন্তগত শাহপুরের ইদ্রিস আলী এম ই স্কুলে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের প্রথম কোয়াটার ফাইনাল খেলায় রেনবো ক্লাব ৬-৩ গোলের ব্যবধানে বোয়ালিপার ফারমার্স ক্লাবকে পরাজিত করে । নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের দ্বিতীয় কোয়াটার ফাইনাল খেলায় ভাটিরকূপা এফ সি মূখোমূখি হবে সোনাইছড়া ফুটবল ক্লাবের বিরুদ্ধে ।

---